

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 28.10.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী অমিত শাহ, বনগাঁর পেট্রাপোলে নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারের উদ্বোধন করেছেন। বলেছেন, অনুপ্রবেশ বন্ধ না হলে বাংলার প্রকৃত উন্নয়ন সম্ভব নয়।
- ২) রাজ্যে ৬ টি বিধানসভা আসনে উপনির্বাচনে মনোনয়নপত্র গুলি আজ পরীক্ষা করে দেখা হবে।
- ৩) মহিলা সাংবাদিকদের হেনস্থার অভিযোগে দলের নেতা তন্ময় ভট্টাচার্যকে সাসপেন্ড করেছে সিপিআইএম।
- ৪) আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সাহিবার জালিয়াতির বিষয়ে জনগণকে আরও সচেতন হওয়ার অনুরোধ জানিয়েছেন।
- ৫) গোটা সপ্তাহ জুড়েই কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দণ্ড।

---

২০২৬-এ এরাজ্যে বিজেপি ক্ষমতায় এলে ১-শো দিনের বকেয়া সব অর্থ দিয়ে দেওয়া হবে বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। কলকাতায় গতকাল এক

অনুষ্ঠানে তিনি বলেন, ইউ পি এ সরকারের আমলে ১-শো দিনের কাজের প্রকল্পে ১৫ হাজার কোটি টাকা দেওয়া হয়, সেখানে এন ডি এ আমলে তা বাড়িয়ে ৫৪ হাজার কোটি টাকা করা হয়েছে। বিজেপি ক্ষমতায় এলে আয়ুষ্মান ভারত সহ সব কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা রাজ্যের মানুষ পাবে বলে তিনি জানান।

শ্রী শাহ, কলকাতায় গতকাল রাজ্য বিজেপি-র সদস্য সংগ্রহ অভিযানের সূচনা করে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা বেঁধে দেন। রাজ্যে অনুপ্রবেশ, পাচার এবং দুর্নীতি রূখ্তে বিজেপি-কে ক্ষমতায় আনা এবং সদস্য সংখ্যা বৃদ্ধির ওপর তিনি জোর দেন। বাংলায় আইনের শাসন প্রতিষ্ঠা করা প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।

এর আগে পেট্রাপোলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী গতকাল নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারের উদ্বোধন করেন। তিনি বলেন, নতুন এই টার্মিনালে ২৫ হাজার যাত্রীর যাতায়াতে সুবিধা হবে। ব্যবসায়িক লেনদেনের পাশপাশি ভারত-বাংলাদেশ সাংস্কৃতিক মেলবন্ধনও আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

### বাইট

পেট্রাপোলে যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারে পণ্য চলাচল এবং যাত্রী পরিবহন সুবিধাজনক করে তুলবে। একটি প্রতিবেদন,

### ভয়েসকাস্ট পল্লব

---

রাজ্য	৬টি	বিধানসভা	কেন্দ্রে	উপনির্বাচনে জমা
পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন ৩০ শে অক্টোবর। পাঁচ জেলার ছয় কেন্দ্রের উপ নির্বাচনে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ৮৯				

কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। এর মধ্যে সিতাই ও মেদিনীপুরে ১৬ কোম্পানি করে, মাদারিহাটে ১৪, নেহাটিতে ১০, হারোয়ায় ১৫ ও তালডাঙ্গরায় ১৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। প্রত্যেক কেন্দ্রে যত সংখ্যক কেন্দ্রীয় বাহিনী থাকবে সেই অনুপাতে কুইক রেসপন্স টিমও রাখা হবে। পাশাপাশি থাকবে পর্যাপ্ত সংখ্যায় রাজ্য পুলিশ।

এদিকে, বিভিন্ন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন ও উপ-নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী ২৯ শে অক্টোবর মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার বৈঠকে বসবেন।

---

এক মহিলা সাংবাদিককে হেনস্থার অভিযোগ ওঠায় দলের নেতা তন্ময় ভট্টাচার্যকে সাসপেন্ড করেছে CPIM। গতসন্ধ্যায় ওই সিদ্ধান্তের কথা জানান দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। তিনি বলেন, তন্ময় ভট্টাচার্য বিরুদ্ধে ওঠা অভিযোগের অভ্যন্তরীণ তদন্ত হবে দলে। তদন্ত চলাকালীন সাসপেন্ড থাকবেন তন্ময়। পরে তদন্ত কমিটির প্রস্তাব মতো দল পদক্ষেপ করবে। এদিকে শ্লীলতাহানির অভিযোগ তুলে তন্ময়ের বিরুদ্ধে বরানগর থানায় অভিযোগও দায়ের করেছেন ওই মহিলা সাংবাদিক। তার ভিত্তিতে এফআইআর দায়ের তদন্ত শুরু হয়েছে বলে সূত্রের খবর।

---

কলকাতার ভবানীপুরে জমা জলে তড়িদাহত হয়ে এক যুবকের মৃত্যুর ঘটনায় কংগ্রেসের তরফে গতকাল বিক্ষোভ আন্দোলনের ডাক দেওয়া হয়। নিহত যুবক সৌরভ গুপ্তার বাড়ির একজনকে সরকারি চাকরি ও এককালীন আর্থিক সাহায্যর দাবি জানানো

হয়েছে। বিক্ষেপ সভায় উপস্থিত ছিলেন ছাত্র নেতা প্রদীপ প্রসাদ, সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ অন্যান্য নেতৃবৃন্দ।

---

রাজ্য সরকার হাওড়ার মঙ্গলা হাটের ব্যবসায়ীদের পুনর্বাসনের জন্য নতুন বাজার তৈরির কাজ শুরু করছে। মুখ্যমন্ত্রীর নির্দেশ মতে কেএমডিএ হাওড়ার এক নম্বর কার্তিক দত্ত রোডে প্রায় আট বিঘা জমির উপর ১২তলা বাজার তৈরির পরিকল্পনা নিয়েছে। হাওড়া ময়দান এলাকায় যাঁরা ফুটপাথে হকারি করেন, তাঁদেরও এখানে স্থানান্তরিত করা হবে বলে নবান্ন সূত্রে খবর। পাঁচ হাজারের বেশি ব্যবসায়ীর জন্য সেখানে স্থান সংকুলান করা হবে। ভবন নির্মাণের পুরো খরচ বহন করবে রাজ্য সরকার।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিটাল অ্যারেস্টের নামে যে জালিয়াতি চলছে তাতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, তদন্তকারী সংস্থাগুলির রাজ্য সরকারের সহযোগিতায় এই জালিয়াতি রুখতে কার্যকর ব্যবস্থা নেওয়া উচিত। আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী, গতকাল জাতির প্রতি ভাষণে বলেন, পুলিশ, সিবিআই কিংবা মাদক নিয়ন্ত্রণ ব্যরোর অফিসার সেজে এই জালিয়াতি চলছে। এধরনের ফোন পেলে জনগণকে আতঙ্কিত না হওয়ার জন্য তিনি অনুরোধ জানান। ব্যক্তিগত তথ্য কাউকে না দেবার জন্যও প্রধানমন্ত্রী জনগণকে পরামর্শ দিয়েছেন। জাতীয় সাইবার হেল্পলাইনে যোগাযোগ করার জন্য শ্রী মোদী জনগণকে অনুরোধ জানিয়েছেন।

( বাইট - ডিজিটাল)

রাজ্য পূর্ত দণ্ডের অধীনে থাকা ৩১ টি সেতু ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে চিহ্নিত করে রাজ্য সরকারের কাছে প্রাথমিক রিপোর্ট জমা পড়েছে। ভার বহন ক্ষমতা সহ বিভিন্ন পরীক্ষা করে ইঞ্জিনিয়ারদের পরামর্শ মেনে তবেই সেতুগুলি সংস্কারের কাজে হাত দেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এছাড়াও পূর্ত দণ্ডের অধীনে থাকা মোট দুই হাজার ৮৯ টি সেতুর স্বাস্থ্য পরীক্ষা করে ১৮-২টিকে অল্প ক্ষতিগ্রস্ত বলে চিহ্নিত করা হয়েছে। তবে অতিবৃষ্টি এবং ডিভিসির ছাড়া জলে বন্যা পরিস্থিতি তৈরি হওয়ায় সঙ্গে সম্প্রতিক ঘূর্ণিঝড় দানার প্রভাবে দুর্ঘাগের কারণে সেতুগুলি আরো একবার সমীক্ষা করার প্রয়োজন রয়েছে বলেও পূর্ত দণ্ডের তরফে প্রস্তাব দেওয়া হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার পাথরপুরিমা ব্লকের অচিন্ত্যনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় বেনিয়মের অভিযোগ তুলে আবাস ক্লাস প্রকল্পের সমীক্ষক দলকে আটকে রেখে গতকাল বিক্ষেপ দেখিয়েছেন স্থানীয়রা। তাদের অভিযোগ, ত্রুণমূল কংগ্রেস সমর্থকদের পাকা বাড়ি থাকা সত্ত্বেও সমীক্ষক দল বেছে বেছে তাদের রান্নাঘর ও গোয়াল ঘরের ছবি তুলছিল।

অন্যদিকে, বিজেপি সমর্থকদের বাড়িগুলিকে বাদ দেওয়া হচ্ছিল বলে অভিযোগ। বিক্ষেপের জেরে বন্ধ হয়ে যায় সমীক্ষার কাজ। পুলিশ গিয়ে সমীক্ষক দলকে উদ্বার করে।

মালদার কালিয়াচক থানার খাস চাঁদপুরের ছয়ভাগিয়া ধুরিটোলা গ্রামে কালীপুজোর কমিটি গঠন নিয়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষে অন্ততঃ ১৪ জন আহত হয়েছেন। নিখিলচন্দ্র মণ্ডল ও বাপন মণ্ডল নামে পুজো কমিটির দুই কর্মকর্তার অনুগামীদের মধ্যে কালীপুজো কমিটির সেক্রেটারি পদ নিয়ে সংঘর্ষ শুরু হয়। প্রাক্তন সম্পাদক নিখিলচন্দ্র মণ্ডল সহ ১৭ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বেশ কিছু অন্তর্শন্ত্রও উদ্বার করা হয়েছে। বাকি অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

---

বর্ধমানে বহিস্থিত এক বিজেপি নেতা সহ বেশ কয়েকজন কর্মী সমর্থক গতকাল তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। বর্ধমান সংস্কৃতি লোকমণ্ডে বিজেপির প্রাক্তন জেলা সহ-সভাপতি শ্যামল রায় সহ ৫০ জন বিজেপি কর্মীর হাতে দলীয় পতাকা তুলে দেন তৃণমূলের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়। ছিলেন বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস। শ্যামল রায় এক সময় বিজেপির জেলা যুব সভাপতিও ছিলেন।

---

মামলার নির্ধারিত দিনে আদালতে হাজির না হওয়ায় বিজেপির রাজ্য কমিটির সদস্য তথা বর্ধমান-পূর্ব লোকসভা কেন্দ্রের দলের পর্যবেক্ষক সুনীল গুপ্তকে পুলিশ গ্রেপ্তার করেছে। বর্ধমান শহরের কালীবাজার এলাকা থেকে তাকে পাকড়াও করা হয়। সুনীলের বিরুদ্ধে মারধরের একটি পুরানো মামলা রয়েছে। গত ১২ জুলাই মামলাটির শুনানির দিন ধার্য থাকলেও, সেদিন অভিযুক্ত বিজেপি নেতা আদালতে হাজির হননি। হাজিরা নিশ্চিত করতে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন চতুর্থ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট। গতকাল তাকে বর্ধমান সিজেএম আদালতে তোলা হলে জামিন মঞ্চুর করেন ভারপ্রাপ্ত বিচারক।

দক্ষিণ কলকাতার প্রিল আনোয়ার শাহ রোডের একটি বাড়িতে আজ ভোরে আগুন লাগলে বছর ২২-এর এক যুবক গুরুতর আহত হয়েছে। অগ্নিদৰ্শক অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। রান্না করার সময় গ্যাসের সিলিন্ডার ফেটে এই দুর্ঘটনা বলে মনে করা হচ্ছে। দমকলের ৫ টি ইঞ্জিন আগুন নেভানোর কাজ করছে।

গোটা সপ্তাহ জুড়েই কলকাতা - সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতরের। তবে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। মৎস্যজীবীদের জন্য কোনও সতর্কবার্তা জারি করা হয়নি।

এদিকে ঘূর্ণিঝড় দানার প্রভাবে টানা বৃষ্টিতে ঝাড়গ্রাম জেলার চিক্কিগড়ের ডুলুং নদীর সাঁকো ছাপিয়ে জল বইতে শুরু করায় ঝাড়গ্রামের সঙ্গে জামবনি বুকের সরাসরি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এলাকার মূল সড়ক পথ জলমগ্ন থাকায় যান চলাচল সম্পূর্ণভাবে বন্ধ।